MAR 18 2[illegible]


ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৪.....


# ঢা.বিতে শিক্ষক রাজনীতি আবারো চাঙ্গা

## নীল, সাদা ও গোলাপি প্যানেলের মনোনয়নপত্র দাখিল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : বর্তমান সরকার ক্ষমতা ছাড়ার সন্ধিক্ষণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পরিচালনা বোর্ড সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল এবং ফাইন্যান্স কমিটির নির্বাচন নিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষক রাজনীতি এবার নতুন মাত্রা পেয়েছে।

নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত শিক্ষকদের 'নীল দল', বিএনপি-জামাত সমর্থিত 'সাদা দল' এবং দলনিরপেক্ষতার দাবিদার 'তৃতীয় কণ্ঠ' হিসেবে শিক্ষক রাজনীতিতে পরিচিত 'গোলাপি দলের' শিক্ষকরা পৃথক পৃথকভাবে অংশগ্রহণ করছেন।

গতকাল রোববার মনোনয়নপত্র জমাদানের শেষ দিনে ৩টি দলই তাদের মনোনয়নপত্র জমা দিয়েছে।

নীল দল থেকে সিন্ডিকেটের বিভিন্ন পদে যারা মনোনয়ন পেয়েছেন ডিন কাজী শহীদুল্লাহ, প্রভোস্ট সুলতানা শফি, অধ্যাপক— মেজবাহউদ্দিন আহমেদ, সহযোগী অধ্যাপক— ড. শরীফউল্লাহ ভুইয়া, সহকারি অধ্যাপক ইমরান কবীর চৌধুরী, প্রভাষক - মশিউর রহমান। সাদা দলের প্রার্থীরা হলেন ডিন- এ কে আজাদ, প্রভোস্ট— আফম ইউসুফ হায়দার, অধ্যাপক- মোহাম্মদ আসাদুজ্জামান, সহযোগী অধ্যাপক— মাহবুবুর রহমান, সহকারী অধ্যাপক— মহাব্বত আলী, প্রভাষ হাসানুজ্জামান।

সিন্ডিকেটের ডিন এবং প্রভাষক পদে গোলাপি দল কোনো প্রার্থী দেয়নি। প্রভোস্ট পদে তাদের প্রার্থী হয়েছেন ড. এ আই মাহবুব উদ্দিন আহমেদ, অধ্যাপক- সৈয়দ মনজুরুল ইসলাম, সহযোগী- অধ্যাপক— মিসেস বদরুননাহার, সহকারী অধ্যাপক- এ কে এম সালাউদ্দিন, একাডেমিক কাউন্সিলে সহযোগী অধ্যাপক পদের নীল দলের ৩ জন প্রার্থী হলেন ড. ম. আক্তারুজ্জামান, ড. ম. আব্দুল মালেক এবং মুহাঃ আব্দুস সামাদ, এ পদের সাদা দল থেকে মনোয়ন পেয়েছেন ড. কাওসার মোস্তফা, দিল রওশন আরা নাজনীন এবং ড. ম এনামুল হক। এ পদে গোলপি দল কাউকে মনোয়ন দেয়নি। সহকারী অধ্যাপক - প্রভাষক পদের নীল দলের ৩ প্রার্থী হলেন, ড. এ এফ এম আবুল মঈন, এ এস এম মাকসুদ কামাল এবং শফিকুর রহমান, সাদা দলের প্রার্থীরা হলেন মিসেস তাহমিনা আক্তার, ম. ফিরোজ জামান এবং ম. হানিফ উদ্দিন। এ পদেও গোলাপির কোনো প্রার্থী নেই। ফিন্যান্স কমিটি থেকে নীল পদে দাঁড়িয়েছেন এস এম মাহফুজুর রহমান, সাদা এবং গোলাপি পদের প্রার্থীরা যথাক্রমে ড. আনোয়ার হোসেন এবং ড. এ কে এম মনোয়ার উদ্দিন আহমেদ।

নির্বাচনে প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন ২১ মার্চ। ৩টি নির্বাচনের জন্য একটি মাত্র ভোটার তালিকা থাকবে। নির্বাচন পরিচালনা করবেন ঢাকা বিশ্ববিদ্যালয় ট্রেজারার অধ্যাপক আবুল হাশেম। ১ হাজার ৮৪ জন শিক্ষক ভোটার ২৯ মার্চ টিএসসির গেমস রুমে ভোট প্রদান করবেন। ভোট গ্রহণ চলবে সকাল ৯টা হতে বেলা ১টা পর্যন্ত।

উল্লেখ্য, গত বছরের ৩০ নভেম্বর সিন্ডিকেটের এই ৬ শিক্ষকের মেয়াদ শেষ হয়েগিয়েছে।